



জনাব প্রকৌশলী মোহাম্মদ জহুরুল হক

অধ্যক্ষ,

কাশিয়ানী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ

### সংক্ষিপ্ত পরিচিতি

জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক গত ২২ই ডিসেম্বর, ২০২১ খ্রিঃ কাশিয়ানী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের চীফ ইন্সট্রাক্টর ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে কর্মরত ছিলেন।

বর্ণীল কর্মজীবনে জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক দেশের বিভিন্ন স্বনামধন্য কারিগরি প্রতিষ্ঠানের প্রশাসনিক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি রাজবাড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে চীফ ইন্সট্রাক্টর পদে, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে চীফ ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান পদে, নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের চীফ ইন্সট্রাক্টর ও অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে, বিভিন্ন সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের চীফ ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধান পদে সহ কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। তার উপস্থিতিতে এই সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার যেমন অগ্রগতি সাধন হয়েছে, তেমন প্রশাসনিক ও একাডেমিক কাঠামোর ঘটেছে ব্যাপক উন্নতি। অবকাঠামোগত বিভিন্ন উন্নয়ন ও বৃক্ষরোপণ কার্যক্রমে তার ভূমিকা ছিল অগ্রগণ্য। তিনি একাধারে কারিগরি শিক্ষা বোর্ডের একজন প্রশ্ন প্রণেতা, প্রধান নিরীক্ষক, পাঠ্য পুস্তক লেখক। তিনি কারিগরি শিক্ষা বোর্ডের জাতীয় পাঠ্যক্রম প্রণয়ন কমিটির অন্যতম সদস্য। এছাড়াও তিনি কারিগরি শিক্ষা অধিদপ্তর ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সুনামের সাথে দায়িত্ব পালন করেছেন। জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক গত ২২ই ডিসেম্বর, ২০২১ খ্রিঃ কাশিয়ানী সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি অতি অল্প সময়ে অসাধারণ ব্যক্তিত্ব এবং ডায়নামিক কর্মদক্ষতার মাধ্যমে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের মনে জায়গা করে নিয়েছেন। একজন মানবিক ও শিক্ষার্থী-বান্ধব অধ্যক্ষ হওয়ায় তিনি অতি দ্রুত সময়ের ভিত্তিতে শিক্ষার্থীদের প্রিয়মুখ এবং আস্থাভাজন হয়ে উঠেছেন। তার সুনিপুণ পরিচালনায় এবং দক্ষ ও নিবিড় পরিচর্যায় কাশিয়ানী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ দিন দিন উন্নতির মাধ্যমে কারিগরি শিক্ষাঙ্গনের অন্যতম একটি প্রতিষ্ঠানে রূপান্তরিত হচ্ছে।

### শিক্ষাজীবন:

ছাত্রজীবনে জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক ছিলেন অত্যন্ত মেধাবী। প্রবল মেধাবী ও শিক্ষানুরাগী হওয়ার দরুন তার মধ্যে উচ্চশিক্ষার ঝোঁক ছিল সেই ছোট থেকেই। তিনি ১৯৯২ খ্রিঃ-এ বাংলাদেশের সুনাম-ধন্য ফরিদপুর পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং (পাওয়ার) শেষ করেন। এরপর তিনি ফরিদপুরে তার বর্ণীল শিক্ষা জীবন শেষ করেন। এরপর তিনি ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি (এফসিইউবি) থেকে ২০১৬ খ্রিঃ-এ বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইইই) ডিগ্রি অর্জন করেন। তিনি তার অভিজ্ঞতা এবং দক্ষতা বাড়ানোর জন্য দেশে এবং বিদেশে বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি সিংগাপুর, বঙ্গুরা এবং ঢাকা সহ দেশে ও বিদেশের বিভিন্ন প্রতিষ্ঠান হতে ব্যবস্থাপনা ও প্রশাসনিক বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।

### সংক্ষেপে তার একাডেমিক শিক্ষাবৃত্তান্ত নিচে তুলে ধরা হলঃ

- ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ার (পাওয়ার) ১৯৯২, ফরিদপুর পলিটেকনিক ইন্সটিটিউট।
- বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং (ইইই) ২০১৬, ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি (এফসিইউবি)

জনাব প্রকৌঃ মোহাম্মদ জহুরুল হক ১৯৭১ সালের ২১ই এপ্রিল ফরিদপুর জেলার নগরকান্দা উপজেলার কান্দি গ্রামে এক ইসলামিক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম মৃত বশারত মাতুব্বর এবং মাতার নাম সিদ্দিকা বেগম। তার সহধর্মিণী জনাব উম্মে সালমা আক্তারী একজন গৃহিণী। পারিবারিক জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের জনক।